The Bangladesh Monitor - A Premier Travel Publication

# সাইমন হলিডেজের শ্রীলঙ্কা ভ্রমণ প্যাকেজে বিশেষ ছাড়

- A Monitor Desk Report Date: 07 October, 2025




**ঢাকাঃ দেশের ভ্রমণ সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান সাইমন হলিডেজের শ্রীলঙ্কা ভ্রমণ প্যাকেজে বিশেষ ছাড় উপভোগ করতে পারবেন প্রাইম ব্যাংক পিএলসির গ্রাহকরা।**

সম্প্রতি ব্যাংকের গুলশান কর্পোরেট অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে এ সম্পর্কিত একটি চুক্তি স্বাক্ষর করেছে প্রতিষ্ঠান দুটি।

এই চুক্তির আওতায় প্রাইম ব্যাংকের কার্ডধারী ও কর্মীরা শ্রীলঙ্কার সব হলিডে প্যাকেজে ১০ শতাংশ ছাড় এবং ডুক এয়ার হলিডে প্যাকেজে ১৫ শতাংশ ছাড় উপভোগ করবেন। গ্রাহকদের আরও উন্নত সেবা ও প্রিমিয়াম লাইফস্টাইল সুবিধা প্রদানে এ উদ্যোগ প্রাইম ব্যাংকের প্রতিশ্রুতির প্রতিফলন।

চুক্তিতে প্রাইম ব্যাংকের পক্ষ থেকে স্বাক্ষর করেন- জোয়াদার তানভীর ফয়সাল, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অব কার্ডস অ্যান্ড রিটেইল অ্যাসেট এবং সাইমন হলিডেজ-এর পক্ষ থেকে স্বাক্ষর করেন ইউসুফ সোহেল, জেনারেল ম্যানেজার।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রাইম ব্যাংকের হোসাইন মোহাম্মদ জাকারিয়া, হেড অব কাস্টমার প্রপোজিশন এবং সাইমন হলিডেজ-এর মো. মাহবুবুর রহমান, ম্যানেজার অপারেশনস এবং উভয় প্রতিষ্ঠানের অন্যান্য সিনিয়র কর্মকর্তারা।

-B